COVID-19 VACCINE
Public Health Advice



# কমির্নাটি (ফাইজার/বায়োএনটেক) টিকা 6 মাস থেকে 4 বছর বয়সী শিশুদের জন্য

## পিতামাতা ও অভিভাবকদের জন্য গুরুত্বপূর্ণ তথ্য

সংস্করণ 2
8 মে 2023

Rialtas na hÉireann
Government of Ireland

## এই পুস্তিকাটি সম্পর্কে

এই লিফলেটটি আপনাকে 6 মাস থেকে 4 বছর বয়সী শিশুদের জন্য কোভিড-19 (করোনাভাইরাস) টিকা সম্পর্কে জানানোর জন্য প্রস্তুত করা হয়েছে।

এটি আপনাকে জানায় :

- 6 মাস থেকে 4 বছর বয়সী শিশুদের মধ্যে কোভিড-19 এর বিষয়ে
- কোভিড-19 ভ্যাকসিন কি সেই সম্পর্কে
- 6 মাস থেকে 4 বছর বয়সী শিশুদের জন্য টিকা নেওয়ার সুবিধা
- 6 মাস থেকে 4 বছর বয়সী শিশুদের টিকা দেওয়ার ঝুঁকি
- ভ্যাকসিনের নিরাপত্তা এবং পার্শ্ব প্রতিক্রিয়া সম্পর্কে
- তাদের কোভিড-19 ভ্যাকসিন দেওয়ার পরে কী আশা করা যায় সেই সম্পর্কে
- তাদের কোভিড-19 ভ্যাকসিন দেওয়ার জন্য সম্মতি দেওয়া সম্পর্কে
- এমন একটি জিনিস যেখানে আপনি আরও তথ্য পেতে পারেন

দয়া করে এই পুস্তিকাটি মনোযোগ সহকারে পড়ুন। এই তথ্য পুস্তিকাটির লক্ষ্য হল আপনাকে আপনার সন্তানের ভ্যাকসিন দেওয়ার বিষয়ে একটি সচেতন সিদ্ধান্ত নিতে সাহায্য করা। আপনি ভ্যাকসিন সম্পর্কে আপনার জিপি (ডাক্তার) বা ফার্মাসিস্টের মতো কোনো স্বাস্থ্যসেবা পেশাদারের সাথেও কথা বলতে পারেন।

**আপনি এগুলিও করতে পারেন:**

- এখানে উপলব্ধ প্রস্তুতকারকের দ্বারা রোগীর জন্য তথ্য পুস্তিকাটি পড়ুন **www.hse.ie/covid19vaccinePIL**
- 'আমার কোভিড-19 ভ্যাকসিন নেওয়া' এইচএসই-র এই কমিক স্ট্রিপটি পড়ুন, - এটি আপনার সন্তানের সাথে পড়ার জন্য উপযুক্ত হতে পারে (এই লিফলেটের পিছনে অবস্থিত কিউআর কোডটি স্ক্যান করুন কমিক স্ট্রিপটি দেখার জন্য)
- এই সমন্ধে **www.hse.ie** –এ উপলব্ধ আরও তথ্য পড়ুন

## কোভিড-19 সম্পর্কে

কোভিড-19 হল এমন একটি অসুস্থতা যা ফুসফুস ও শ্বাসনালী এবং কখনও কখনও শরীরের অন্যান্য অংশকে প্রভাবিত করতে পারে। এটি করোনা ভাইরাস নামক ভাইরাস দ্বারা সৃষ্ট রোগ।

কোভিড-19 অত্যন্ত সংক্রামক। মানুষ যখন কাশে বা হাঁচে, তখন উড়ন্ত কন্যার মাধ্যমে এটি বাতাসের ছড়িয়ে পরে বা যখন সর্দির ফোঁটা পরে থাকাজায়গাকে কোনো ব্যাক্তি স্পর্শ করে তারা নিজেদের চোখ, নাক বা মুখ স্পর্শ করে তখন এটি তাদের মধ্যে ছড়িয়ে পরে ।

**কোভিড-19 এর সবচেয়ে সাধারণ লক্ষণগুলি হল:**

- জ্বর (38 ডিগ্রি সেলসিয়াস বা তার বেশি তাপমাত্রা) - কাঁপুনি সহ:
- শুকনো কাশি
- ক্লান্তি

কোভিড-19-এর সংস্পর্শে আসার পরে এর লক্ষণগুলি দেখা দিতে 14 দিন পর্যন্ত সময় লাগতে পারে। উপসর্গগুলি সর্দি বা ফ্লুর মতোই হতে পারে। আপনার সন্তানের এই সমস্ত উপসর্গ নাও থাকতে পারে বা সে শুধুমাত্র স্বাভাবিকের চেয়ে কম ভালো বোধ করতে পারে।

যদি আপনার সন্তানের কোভিড-19-এর কোনো উপসর্গ থাকে, তাহলে তার ভালো বোধ করার 48 ঘণ্টা পর্যন্ত আপনার তাকে বাড়িতে রাখা উচিত। তাদের কোভিড পরীক্ষার প্রয়োজন কিনা তা দেখতে আপনি **www.hse.ie** চেক করতে পারেন।

কোভিড-19 সম্পর্কে আরও তথ্যের জন্য, অনুগ্রহ করে **www.hse.ie/coronavirus** এ যান বা HSELive-এ **1800 700 700** নাম্বারে কল করুন।

## কোভিড-19 এবং 6 মাস থেকে 4 বছর বয়সী শিশুরা

এই বয়েসের বেশির ভাগ শিশু এবং কিশোর কিশোরীদের মধ্যে যারা কোভিড-19 এ আক্রান্ত হয় তাদের খুব হালকা লক্ষণ দেখা দেয় বা লক্ষণ একেবারেই দেখা দেয় না।

কোভিড-19 শিশুদের গুরুতর অসুস্থতা, হাসপাতালে ভর্তি বা মৃত্যুর কারণ হতে পারে, কিন্তু এসব খুবই বিরল। যদিও এই বয়সীদের মধ্যে হাসপাতালে ভর্তি এবং রোগের গুরুতর সংক্রমণের ঝুঁকি খুব কম, তবে এদের মধ্যে এর প্রভাব বয়স্ক শিশুদের তুলনায় বেশি।

কখনও কখনও কোভিড-19 এর সাথে যুক্ত লক্ষণগুলি কয়েক সপ্তাহ বা মাস ধরে চলতে পারে ('লং কোভিড')। একে 'লং কোভিড' বলা হয়। প্রাপ্তবয়স্কদের তুলনায় শিশু এবং কিশোর-কিশোরীদের মধ্যে এই অবস্থার ঝুঁকি কম।

কোভিড-19 এর কারণে শিশুদের হাসপাতালে ভর্তি হওয়ার ঝুঁকি কম, এবং শিশুর ইন্টেনসিভ কেয়ার-এ চিকিৎসার প্রয়োজন হওয়ার ঝুঁকি অত্যন্ত কম।

নির্দিষ্ট স্বাস্থ্যগত অবস্থার শিশুদের গুরুতর অসুস্থতা এবং হাসপাতালে ভর্তি হওয়ার ঝুঁকি বেশি থাকে যদি তারা কোভিড-19 এ আক্রান্ত হয়। যাইহোক, কোভিড-19 আক্রান্ত হয়ে হাসপাতালে ভর্তি অর্ধেকেরও বেশি শিশুর কোনো অন্তর্নিহিত স্বাস্থ্যগত সমস্যা নাও থাকতে পারে।

কদাচিৎ, কোভিড-19 শিশুদের মাল্টিসিস্টেম ইনফ্ল্যামেটরি সিনড্রোম (এম আই এস -সি) নামক অবস্থার কারণ হতে পারে।

এই অবস্থায় নিউমোনিয়া, হার্টের প্রদাহ এবং শ্বাস নিতে অসুবিধা হয়। এম আই এস -সি আক্রান্ত বেশিরভাগ শিশুই হাসপাতালে বা ইন্টেনসিন কেয়ার-এ কিছু সময় থাকার পরে সুস্থ হয়ে যায় তবে কিছু শিশুর দীর্ঘস্থায়ী পার্শ্বপ্রতিক্রিয়া হতে পারে এবং খুব অল্প সংখ্যক মারা যেতে পারে।

## কোভিড-19 ভ্যাকসিন কী?

ভ্যাকসিন হল এমন একটি বস্তু যা একটি নির্দিষ্ট রোগের প্রতিরোধ ক্ষমতা (সুরক্ষা) উন্নত করে। ভ্যাকসিনগুলি ইমিউন সিস্টেমকে শেখায় কিভাবে মানুষকে রোগ থেকে রক্ষা করতে হয়।

প্রাপ্ত প্রমাণগুলি বলছে যে কোভিড-19 টিকা আপনার শিশুকে কোভিড-19 থেকে সুরক্ষা প্রদান করবে। যদি শিশুদের ভ্যাকসিন দেওয়া হয়, তাহলে এটি আমাদের সম্প্রদায়ের মধ্যে কোভিড-19 থেকে গুরুতর অসুস্থ হওয়া বা মারা যাওয়ার সংখ্যা কমাতেও সাহায্য করবে।

## আমার সন্তানকে কোন ভ্যাকসিন দেওয়া হচ্ছে?

আপনার শিশুকে যে ভ্যাকসিন দেওয়া হচ্ছে তার নাম হল কমির্নাটি (ফাইজার/বায়োএনটেক)।

এটি একটি এমআরএনএ ভ্যাকসিন যা আপনার সন্তানের শরীরকে শেখায় যে কীভাবে প্রোটিন তৈরি করতে হয় যা ইমিউন প্রতিক্রিয়াকে ট্রিগার করবে, লাইভ ভাইরাস ব্যবহার না করে যার কারণে কোভিড-19 হয়।

আপনার সন্তানের শরীর তখন অ্যান্টিবডি তৈরি হয় যাতে ভবিষ্যতে কোনো কোভিড-19 ভাইরাস তাদের শরীরে প্রবেশ করলে সংক্রমণের বিরুদ্ধে তা লড়াই করতে সাহায্য করবে।

ভ্যাকসিন দেওয়ার আগে, আপনাকে নিজের সন্তানের ভ্যাকসিন নেওয়ার জন্য সম্মতি দিতে বলা হবে এবং এই সম্মতি রেকর্ড করা হবে।

## কেন 6 মাস থেকে 4 বছর বয়সী সব শিশুকে টিকা দেওয়া হচ্ছে?

জনতাকে ভ্যাকসিন দেওয়ার লক্ষ্য হল মানুষকে রক্ষা করা এবং এই ভাইরাস দ্বারা সৃষ্ট অসুস্থতা এবং মৃত্যু হ্রাস করা।

কোভিড-19 ভ্যাকসিন আপনার শিশু এবং তাদের আশেপাশের লোকদের কোভিড-19 -এর গুরুতর অসুস্থতা থেকে রক্ষা করবে। যদিও এই বয়সে কোভিড-19 থেকে হওয়া গুরুতর অসুস্থতা বিরল, তবে ভ্যাকসিন দেওয়া হলে তাদের কোভিড-19-এ গুরুতর অসুস্থ হওয়ার কোনো সম্ভাবনা থাকবে না।

6 মাস থেকে 4 বছর বয়সী শিশুদের জন্য কোভিড-19 ভ্যাকসিনগুলি জাতীয় টিকাদান উপদেষ্টা কমিটি (এনআইএসি) দ্বারা সুপারিশ করা হয়েছে সেইসব শিশুদের জন্য যাদের এমন স্বাস্থ্যগত অবস্থা রয়েছে যা তাদের কোভিড-19 আক্রান্ত হলে অন্যান্য গুরুতর অসুস্থতার উচ্চ ঝুঁকিতে রাখে।

এই বয়সের সমস্ত শিশুর জন্য, এনআইএসি -এর সুপারিশ হল যে টিকা না নেওয়ার ঝুঁকির চেয়ে টিকা দেওয়ার সুবিধা বেশি, অর্থাৎ এই বয়সের গোষ্ঠীকে ভ্যাকসিন দেওয়া যেতে পারে।

সুবিধার মধ্যে রয়েছে কোভিড-19 এড়াতে সাহায্য করা এবং কোভিড-19 থেকে হওয়া গুরুতর অসুস্থতার বিরল ঝুঁকি থেকে অতিরিক্ত সুরক্ষা প্রদান। শিশুদের টিকা দেওয়া পরিবারের অন্যদের সংক্রমণ কমাতে পারে, উদাহরণস্বরূপ, পরিবারে যাদের রোগ প্রতিরোধ ক্ষমতা দুর্বল। ভ্যাকসিন নেওয়া বাচ্চাদের কোভিড-19 এর কারণে স্কুল এবং অন্যান্য ক্রিয়াকলাপ বন্ধ করার সম্ভাবনা কম।

## 6 মাস থেকে 4 বছর বয়সী শিশুদের জন্য কি টিকা কার্যকর?

কমির্নাটি (ফাইজার/বায়োএনটেক) ভ্যাকসিনের ক্লিনিকাল ট্রায়াল দেখায় যে এটির তিনটি ডোজ নেওয়ার পরে এই বয়সী শিশুদের মধ্যে কোভিড-19 প্রতিরোধে কার্যকর হয়। এটি গুরুতর অসুস্থতা প্রতিরোধেও অত্যন্ত কার্যকর যাতে কোভিড-19 হওয়ার সাথে হাসপাতালে ভর্তি হতে পারে।

## 6 মাস থেকে 4 বছর বয়সী শিশুদের জন্য এই টিকা কি নিরাপদ?

জাতীয় টিকাদান উপদেষ্টা কমিটি সুপারিশ করে যে 6 মাস থেকে 4 বছর বয়সী শিশুদের এই কোভিড-19 টিকা দেওয়া হবে।

এই ভ্যাকসিনটির ক্লিনিকাল ট্রায়ালের অংশ হিসাবে 6 মাস থেকে 4 বছর বয়সী 3,000 এর বেশি শিশু সহ হাজার হাজার মানুষের উপর পরীক্ষা করা হয়েছে। এই বয়সী শিশুদের জন্য ক্লিনিকাল ট্রায়ালে কোনও অতিরিক্ত নিরাপত্তা জনিত উদ্বেগ চিহ্নিত করা হয়নি।

এই ভ্যাকসিনটির নিরাপত্তা, গুণমান এবং কার্যকারিতার কঠোর মানও পূরণ করেছে এবং নিয়ন্ত্রকদের দ্বারা অনুমোদিত ও লাইসেন্সপ্রাপ্ত।

আয়ারল্যান্ডে, এর নিয়ন্ত্রক হল ইউরোপীয় মেডিসিন এজেন্সি (ইএমএ) – আরও তথ্যের জন্য **www.ema.europa.eu** এ ভিজিট করুন।

ব্যবহারের জন্য অনুমোদিত হওয়ার জন্য, ভ্যাকসিনটি সমস্ত ক্লিনিকাল ট্রায়ালের মধ্য দিয়ে গেছে এবং অন্যান্য লাইসেন্সপ্রাপ্ত ওষুধের মতন নিরাপত্তার আন্তর্জাতিক মান অনুসরণ করে এর নিরাপত্তা পরীক্ষা করা হয়েছে। সমস্ত কোভিড-19 ভ্যাকসিনের নিরাপত্তা পর্যবেক্ষণ সংশ্লিষ্ট কর্তৃপক্ষের দ্বারা ক্রমাগত পরীক্ষা করা হয়।

যদিও কোভিড-19 ভ্যাকসিন তৈরির কাজ স্বাভাবিকের চেয়ে অনেক দ্রুত এগিয়েছে, আমরা আপনার সন্তানকে যে ভ্যাকসিনটি দিচ্ছি তা একটি নিরাপদ এবং কার্যকর ভ্যাকসিন যা বিকাশ ও অনুমোদনের জন্য সমস্ত প্রয়োজনীয় সাধারণ পদক্ষেপের মধ্য দিয়ে গেছে।

আমরা এখনও এই বয়সীদের মধ্যে কোভিড-19 ভ্যাকসিনের কার্যকারিতা এবং পার্শ্ব প্রতিক্রিয়া সম্পর্কে শিখছি।

সমস্ত ওষুধের পার্শ্বপ্রতিক্রিয়া আছে এবং আপনার সন্তানকে ভ্যাকসিন দেওয়ার সম্মতি দেওয়ার আগে এই পুস্তিকাতে ভ্যাকসিনটির পরিচিত সাধারণ এবং বিরল পার্শ্বপ্রতিক্রিয়াগুলি সম্পর্কে আপনার পড়ে নেওয়া দরকার।

## আমার সন্তানের ইতিমধ্যেই কোভিড-19 হয়েছে, সে কি ভ্যাকসিন নিতে পারে?

যদি আপনার সন্তানের কোভিড-19 হয়ে গিয়ে থাকে তবে তার কিছুটা প্রতিরোধ ক্ষমতা থাকবে।

এমনকি যদি আপনার সন্তানের ইতিমধ্যেই কোভিড-19 হয়ে গিয়ে থাকে, তবুও তার এটি আবার হতে পারে। এই ভ্যাকসিনটি আবার তার কোভিড-19 সংক্রমণের ঝুঁকি কমিয়ে দেবে।

## আমার বাচ্চার শরীরে তাপমাত্রা বেশি থাকলে কি তাকে কোভিড-19 ভ্যাকসিন দিতে পারি?

না। যদি তাদের জ্বর হয় (তাপমাত্রা 38 ডিগ্রি সেলসিয়াস বা তার বেশি), তবে ভ্যাকসিন না নেওয়া উচিত যতক্ষণ না তারা সুস্থ বোধ করে।

## ভ্যাকসিন এর জন্য কি আমার সন্তানের কোভিড-19 হতে পারে?

না। কোভিড-19 ভ্যাকসিন থেকে আপনার সন্তানের কোভিড-19 হতে পারে না। ভ্যাকসিন নেওয়ার আগে কোভিড-19 শনাক্ত করা সম্ভব এবং ভ্যাকসিনেশন অ্যাপয়েন্টমেন্টের পর পর্যন্ত তাদের লক্ষণগুলি উপলব্ধি করা সম্ভব নয়।

যদি আপনার সন্তানের কোভিড-19-এর কোনো উপসর্গ থাকে - অথবা যদি তার জ্বর হয় যা ভ্যাকসিন দেওয়ার 2 দিন পরে শুরু হয় বা 2 দিনের বেশি সময় থাকে - তাহলে তাদের স্ব-বিচ্ছিন্ন হওয়া উচিত (তাদের নিজেদের ঘরে থাকতে হবে) 48 ঘন্টা পর্যন্ত যতক্ষণ না তারা সুস্থ বোধ করে। তাদের কোভিড-19পরীক্ষার প্রয়োজন কিনা তা দেখতে আপনি **www.hse.ie** চেক করতে পারেন।

## আমার সন্তানের ভ্যাকসিনদাতা কে?

এই হলেন সেই ব্যক্তি যিনি তাদের ভ্যাকসিন দেন। তারা কোভিড-১৯ ভ্যাকসিন দেওয়ার জন্য এইচ এস ই দ্বারা প্রশিক্ষিত।

## কিভাবে কোভিড-19 ভ্যাকসিন দেওয়া হয়?

কোভিড-19 টিকা আপনার সন্তানের বয়সের উপর নির্ভর করে উরু বা উপরের বাহুতে ইনজেকশন হিসাবে দেওয়া হয়। এতে মাত্র কয়েক মিনিট সময় লাগে।

## আমার সন্তানের কোভিড-19 ভ্যাকসিনের কটি ডোজের প্রয়োজন?

কোভিড-19 এর বিরুদ্ধে সম্ভাব্য সর্বোত্তম সুরক্ষার জন্য তাদের ফাইজার/বায়োএনটেক ভ্যাকসিনের 2টি ডোজের প্রয়োজন হবে। প্রথম ডোজের 3 সপ্তাহ পরে আপনার শিশু তার দ্বিতীয় ডোজ পাবে, দ্বিতীয় ডোজ দেওয়ার 8 সপ্তাহ পরে সে তার তৃতীয় ডোজটি পাবে।

## আমার সন্তানের এখন কোভিড -19 হয়েছে, সে কি ভ্যাকসিন পেতে পারে?

যদি আপনার সন্তানের কোভিড-19 হয়ে থাকে এবং তার প্রথম টিকার ডোজ বাকি থাকে:

- তাদের প্রথম লক্ষণ দেখা দেওয়ার বা কোভিড-19 এর জন্য পজিটিভ পরীক্ষা করার 4 সপ্তাহ পর থেকে তাদের টিকা দেওয়া যেতে পারে। যাইহোক, ভ্যাকসিনটি তাদের উপর সবচেয়ে কার্যকর হওয়ার জন্য, এটি নেওয়ার পর 6 মাস অপেক্ষা করার পরামর্শ দেওয়া হয় যাতে ভ্যাকসিনটি সবচেয়ে কার্যকর হয়।

যদি আপনার সন্তানের কোভিড-19 হয়ে থাকে এবং তার ভ্যাকসিনের দ্বিতীয় ডোজ নেওয়া বাকি থাকে:

- তাদের প্রথম লক্ষণ দেখা দেওয়ার বা কোভিড-19 এর জন্য পজিটিভ পরীক্ষা করার 4 সপ্তাহ পর থেকে তাদের টিকা দেওয়া যেতে পারে

যদি আপনার সন্তানের কোভিড-19 হয়ে থাকে এবং তাদের ভ্যাকসিনের তৃতীয় ডোজ নেওয়া বাকি থাকে:, যদি তাদের

- দ্বিতীয় ডোজ নেওয়ার 7 দিনের বেশি সময় পরে কোভিড-19 সংক্রমণ হয়ে থাকে, তাদের তৃতীয় ডোজ নেওয়ার প্রয়োজন হয় না
- দ্বিতীয় ডোজ নেওয়ার 7 দিনের মধ্যে কোভিড-19 সংক্রমণ হয়ে থাকে, তাদের প্রথম লক্ষণ দেখা দেওয়ার বা বা কোভিড-19 ধরা পরার 8 সপ্তাহ পরে তৃতীয় ডোজ নেওয়া উচিত।

## এই ভ্যাকসিনের পার্শ্বপ্রতিক্রিয়া কি?

সমস্ত ওষুধের মতো, ভ্যাকসিনগুলি পার্শ্ব প্রতিক্রিয়া সৃষ্টি করতে পারে। এর মধ্যে বেশিরভাগই হালকা থেকে মাঝারি, স্বল্পমেয়াদী এবং সবার সেগুলি হয় না।

10 জনের মধ্যে 1 জনের বেশি শিশুর এটি হতে পারে **খুব সাধারণ পার্শ্ব প্রতিক্রিয়া:**

- বিরক্তি
- তন্দ্রাভাব
- খিদে কমে যাওয়া
- ক্লান্ত অনুভব করা
- আপনার বাহুতে যেখানে আপনি ভ্যাকসিন ইনজেকশন দিয়েছিলেন সেখানে নরম বা ফোলাভাব
- যেখানে টিকা দেওয়া হয়েছে সেই স্থানে লাল ভাব
- মাথাব্যথা
- পেশীতে ব্যথা
- সন্ধিতে ব্যথা
- ডায়রিয়া
- জ্বর (তাপমাত্রা 38 ডিগ্রি সেলসিয়াস বা তার বেশি) অথবা কাঁপুনি

10 জনের মধ্যে 1 জন শিশুর এই **সাধারণ পার্শ্ব প্রতিক্রিয়া হতে পারে:**

- ফুসকুড়ি (6 থেকে 23 মাস)
- বমিভাব
- বমি হওয়া

100 জনের মধ্যে 1 জন শিশুর এই **অস্বাভাবিক পার্শ্ব প্রতিক্রিয়া হতে পারে:**

- যেখানে টিকা দেওয়া হয়েছে সেই স্থানে চুলকানি হওয়া
- সারা গায়ে চুলকানি হওয়া
- লাসিকা গ্রন্থি (লিম্ফ নোড) ফুলে যাওয়া
- ঘুম-ঘুম ভাব
- অতিরিক্ত ঘাম হওয়া
- রাতে প্রবল ঘাম হওয়া
- উদ্যম কমে যাওয়া, আলস্য বা শরীর ভালো না লাগা
- যে বাহুতে ভ্যাকসিন নিয়েছেন সেখানে ব্যথা

1,000 জনের মধ্যে 1 জন শিশুর এই **বিরল পার্শ্ব প্রতিক্রিয়া হতে পারে:**

- অল্প সময়ের জন্য মুখের একদিক ঝুলে যাওয়া
- অ্যালার্জি হওয়া যেমন মুখে চাকা-চাকা দাগ বা ফোলা

10,000 জনের মধ্যে 1 জন শিশুর এই **খুব বিরল পার্শ্ব প্রতিক্রিয়া হতে পারে:**

- মায়োকার্ডাইটিস এবং পেরিকার্ডাইটিস

অন্যান্য দেশের প্রাথমিক তথ্য দেখায় যে 16 থেকে 24 বছর বয়সীদের তুলনায় 12 থেকে 15 বছর বয়সীদের মধ্যে মায়োকার্ডাইটিসের সম্ভাবনা কম। 6 মাস থেকে 4 বছর বয়সী শিশুদের মধ্যে মায়োকার্ডাইটিস খুব বিরল। মার্কিন যুক্তরাষ্ট্রে, এই বয়সের শিশুদের জন্য এমআরএনএ (mRNA) ভ্যাকসিনের এক মিলিয়ন ডোজ দেওয়া হয়েছে। এই শিশুদের মধ্যে মায়োকার্ডাইটিসের কোন খবর নেই। আমরা এখনও এই বয়সীদের মধ্যে কোভিড-19 ভ্যাকসিনের কার্যকারিতা এবং পার্শ্ব প্রতিক্রিয়া সম্পর্কে শিখছি।

মায়োকার্ডাইটিস এবং পেরিকার্ডাইটিস হল হার্টের প্রদাহজনক অবস্থা। অল্পবয়সী পুরুষদের মধ্যে এই বিরল অবস্থার ঝুঁকি বেশি রয়েছে। এই অবস্থা দ্বিতীয় ডোজের পরে হওয়ার সম্ভাবনা বেশি এবং বেশিরভাগই ভ্যাকসিন পাওয়ার 14 দিনের মধ্যে দেখা যায়।

দুটি ইউরোপীয় গবেষণায় ভ্যাকসিনের দ্বিতীয় ডোজের পরে মায়োকার্ডাইটিসের যেসব ঝুঁকি অনুমান করা হয়েছে:

- 12 থেকে 29 বছর বয়সী প্রতি 38,000 পুরুষের জন্য 1টি অতিরিক্ত ঘটনা (7 দিনের মধ্যে)
- 16 থেকে 24 বছর বয়সী প্রতি 17,500 পুরুষের জন্য 1টি অতিরিক্ত ঘটনা (28 দিনের মধ্যে)

বেশির ভাগ মানুষ নিজে থেকে বা সহায়ক চিকিৎসার মাধ্যমে ভালো হয়ে যায়, কিন্তু তাদের হাসপাতালে চিকিৎসার প্রয়োজন হয়। এই পার্শ্বপ্রতিক্রিয়াগুলির কারণে দীর্ঘমেয়াদী সমস্যা হয় কিনা তাএখনও জানা যায়নি।

এই ভ্যাকসিন নেওয়া কতজন লোক এই পার্শ্বপ্রতিক্রিয়াগুলি অনুভব করবে তা এখনও জানা যায়নি তবে তারা **অত্যন্ত বিরল বলে মনে করা হয়:**

- একটি গুরুতর এলার্জির মত প্রতিক্রিয়া। আপনার ভ্যাকসিনদানকারীকে গুরুতর অ্যালার্জির প্রতিক্রিয়ার চিকিৎসা করার জন্য প্রশিক্ষিত করা হয়েছে।
- এরিথেমা মাল্টিফর্ম, ত্বকের একটি প্রতিক্রিয়া যা ত্বকে লাল দাগ বা প্যাচ সৃষ্টি করে যা দেখতে একটি লক্ষ্যবস্তু বা “বুল-আই” এর মতো হয় যার গাঢ় লাল কেন্দ্র ফ্যাকাশে লাল রিং দ্বারা বেষ্টিত হতে পারে
- যে হাত (বা পায়ে) টিকা দেওয়া হয়েছে সেটি অতিরিক্ত ফুলে যাওয়া
- দেহের কিছু অংশে চিনচিন করা বা কাঁটা ফোটার মতো মনে হয় অথবা কিছু অংশে অনুভূতি থাকে না

কোভিড-19 ভ্যাকসিনটি অন্যান্য সমস্ত লাইসেন্সপ্রাপ্ত ভ্যাকসিনের মতো একই ক্লিনিকাল ট্রায়াল এবং নিরাপত্তা পরীক্ষার মধ্য দিয়ে গেছে, তবে ভ্যাকসিনটি নতুন এবং এর দীর্ঘমেয়াদী পার্শ্ব প্রতিক্রিয়া সমন্ধে তথ্য সীমিত।

আয়ারল্যান্ড এবং সারা বিশ্বে যত বেশি লোক এই ভ্যাকসিন পাচ্ছে, তত এর পার্শ্বপ্রতিক্রিয়া সম্পর্কে আরও তথ্য পাওয়া যাচ্ছে। এইচএসই নিয়মিতভাবে আমাদের ওয়েবসাইটে এই তথ্য আপডেট করবে, এবং প্রয়োজনে, ভ্যাকসিনের প্রথম বা দ্বিতীয় ডোজের জন্য লোকেদের অ্যাপয়েন্টমেন্টে দেওয়া তথ্য লিফলেট আপডেট করবে।

## মায়োকার্ডাইটিস এবং পেরিকার্ডাইটিসের উপসর্গগুলি

খুব কম ক্ষেত্রে, কমির্নাটি (ফাইজার/ বায়োএনটেক) ভ্যাকসিন পাওয়ার পর মায়োকার্ডাইটিস এবং পেরিকার্ডাইটিস হতে পারে। মায়োকার্ডাইটিস এবং পেরিকার্ডাইটিস হল হার্টের প্রদাহজনক অবস্থা।

আপনার সন্তানের প্রতিলক্ষ্য রাখতে আপনার এই লক্ষণগুলি সম্পর্কে জানা উচিত। যদি আপনার সন্তানের ভ্যাকসিন নেওয়ার পরে এই লক্ষণগুলিরকোনোটি দেখতে পাওয়া যায় তবে চিকিৎসা সহায়তা নিন

- শ্বাসকষ্ট
- বুক ধড়ফড় করা (জোরদার হৃদস্পন্দন, যা অনিয়মিত হতে পারে)
- বুকে ব্যথা

ছোট শিশুদের মধ্যে মায়োকার্ডাইটিসের লক্ষণগুলি আরও অ-নির্দিষ্ট হতে পারে যার মধ্যে রয়েছে:

- বিরক্তি
- বমি হওয়া
- খাওয়াতে অসুবিধা
- দ্রুত এবং অনিয়মিত শ্বাস প্রশ্বাস
- ক্লান্তি

## এমন কোনো শিশু আছে কি যাদের কোভিড-19 ভ্যাকসিন নেওয়া উচিত নয়?

**হ্যাঁ। আপনার সন্তানের কমির্নাটি (ফাইজার/ বায়োএনটেক) কোভিড-19 ভ্যাকসিন নেওয়া উচিত নয় যদি:**

- আপনার সন্তানের ভ্যাকসিনের যেকোনো উপাদানের প্রতি (পলিথিন গ্লাইকোল বা পিইজি সহ) তীব্র অ্যালার্জির প্রতিক্রিয়া থাকে। উপাদানের তালিকা দেখতে **www.hse.ie/covid19vaccinePIL** -এ প্রস্তুতকারকের রোগীর তথ্যের লিফলেটটি পড়ুন।
- আপনার সন্তানের ফাইজার/ বায়োএনটেক ভ্যাকসিন বা মডার্না কোভিড-19 ভ্যাকসিনের পূর্ববর্তী ডোজে গুরুতর অ্যালার্জির প্রতিক্রিয়া হয়ে থাকে
- আপনার সন্তানের ট্রোমেটামল (এমআরআই রেডিওলজিক্যাল স্টাডিতে ব্যবহৃত কনট্রাস্ট ডাই-এর একটি উপাদান) এর প্রতি তীব্র অ্যালার্জির প্রতিক্রিয়া হয়ে থাকলে।

কোভিড-19 ভ্যাকসিন নেওয়ার আগে আপনার সন্তানের ডাক্তারের সাথে কথা বলা উচিত যদি তার:

- অতীতে কোনো গুরুতর অ্যালার্জি প্রতিক্রিয়া (অ্যানাফিল্যাক্সিস) হয়ে থাকে, অন্য কোনো ভ্যাকসিন বা ওষুধ সহ
- কোভিড-19 ভ্যাকসিনের পূর্ববর্তী ডোজ নেওয়ার পরে মায়োকার্ডাইটিস বা পেরিকার্ডাইটিস হয়েছিল।

যদি আপনার সন্তানের পূর্বে মাল্টিসিস্টেম ইনফ্ল্যামেটরি সিনড্রোম থাকে তাহলে সে সুস্থ হয়ে গেলে এবং রোগ নির্ণয় হওয়ার অন্তত 90 দিন পরে, সে কোভিড-19 ভ্যাকসিন নিতে পারে।

সতর্কতা হিসাবে, যদি আপনার সন্তান সম্প্রতি মাঙ্কিপক্স ভ্যাকসিন (ইমভেনেক্স বা জাইনিওস) নিয়ে থাকে তাহলে মায়োকার্ডাইটিসের অজানা ঝুঁকির কারণে তাকে কোভিড-19 ভ্যাকসিন নেওয়ার আগে 4 সপ্তাহ অপেক্ষা করতে হবে।

এই বয়সীদের অন্যান্য ভ্যাকসিনগুলি নেওয়ার 14 দিন আগে বা পরে কোভিড-19 টিকা নেওয়া উচিত। এই বয়সের শিশুদের মধ্যে নিয়মিত ভ্যাকসিনগুলিকে অগ্রাধিকার দেওয়া উচিত।

বেশিরভাগ শিশু নিরাপদে ভ্যাকসিন নিতে সক্ষম হবে। যে ব্যক্তি আপনার সন্তানকে ভ্যাকসিন দিচ্ছেন তিনি ভ্যাকসিনের জন্য আপনার অ্যাপয়েন্টমেন্টের সময় আপনার যেকোনো প্রশ্নের উত্তর দিতে পারলে খুশি হবেন।

তারা আফটার কেয়ার পরামর্শ দেবে এবং একটি ভ্যাকসিন রেকর্ড কার্ড দেবে যেটিতে আপনার সন্তানকে দেওয়া ভ্যাকসিনের নাম এবং ব্যাচ নম্বর লেখা থাকবে।

# ভ্যাকসিন নেওয়ার পর

আমরা আজ আপনার সন্তানের ভ্যাকসিন নেওয়ার একটি রেকর্ড দিচ্ছি।

**অনুগ্রহ করে রেকর্ড কার্ডটি সুরক্ষিত রাখুন।**

## আগামী কয়েক দিনের মধ্যে কী হতে পারে?

কিছু লোক যারা আজ আপনার সন্তানের মত একই ভ্যাকসিন পেয়েছে তাদের আগের তালিকাভুক্ত কিছু পার্শ্বপ্রতিক্রিয়া দেখা দিতে পারে। এগুলোর বেশিরভাগই মৃদু থেকে মাঝারি এবং স্বল্পস্থায়ী।

## ভ্যাকসিনের পরে জ্বর আসা

ভ্যাকসিন নেওয়ার পরে জ্বর হওয়া খুবই সাধারণ ব্যাপার। সাধারণত, এটি ভ্যাকসিন নেওয়ার 2 দিনের মধ্যে ঘটে এবং তা 2 দিনের মধ্যে চলে যায়। আপনার সন্তানের ভ্যাকসিনের দ্বিতীয় ডোজ নেওয়ার পরে জ্বর হওয়ার সম্ভাবনা বেশি।

যদি আপনার শিশু অস্বস্তি বোধ করে, তাহলে আপনাকে বাক্স বা পুস্তিকায় নির্দেশিত প্যারাসিটামল বা আইবুপ্রোফেন দিতে হবে। আপনি যদি আপনার সন্তানের বিষয়ে উদ্বিগ্ন হন তবে দয়া করে ডাক্তারের পরামর্শ নিন।

## ভ্যাকসিনটি কাজ শুরু করতে কতক্ষণ সময় নেয়?

কোভিড-19 ভ্যাকসিনের তিনটি ডোজ দেওয়ার পরে, বেশিরভাগ শিশুর মধ্যে এই রোগ প্রতিরোধের ক্ষমতা তৈরী হবে। এর অর্থ হল তারা কোভিড-19 এর বিরুদ্ধে সুরক্ষিত থাকবে।

এটির কাজ শুরু করার জন্য তৃতীয় ডোজ নেওয়ার পর 7 দিন সময় লাগে।

ভ্যাকসিন নেওয়া থাকলেও, আপনার সন্তানের কোভিড-19 হওয়ার সম্ভাবনা রয়েছে।

## এই ভ্যাকসিনটি কি সবার মধ্যে কাজ করে?

বিশ্বব্যাপী লক্ষ লক্ষ মানুষের উপর এই ভ্যাকসিন ব্যবহার করা হয়েছে। শক্তিশালী, নির্ভরযোগ্য প্রমাণ রয়েছে যে কোভিড-19 ভ্যাকসিনগুলি কোভিড-19 হওয়ার ঝুঁকি অনেকাংশে কমিয়ে দেয়। এগুলি কোভিড-19-এর সাথে মৃত্যু এবং গুরুতর অসুস্থতা প্রতিরোধে অত্যন্ত কার্যকর।

প্রতিটি ব্যক্তির মধ্যে ভ্যাকসিনগুলি একইভাবে কাজ করে না এবং ভ্যাকসিন নেওয়ার পরেও কোভিড-19 হওয়া সম্ভব। যদি আপনার সন্তানের ইমিউন সিস্টেম দুর্বল হয়, তাহলে ভ্যাকসিন নেওয়ার ক্ষেত্রে কোনো অতিরিক্ত ঝুঁকি নেই কিন্তু এটি আপনার সন্তানের জন্য ভালো কাজ নাও করতে পারে।

## ভ্যাকসিন থেকে পাওয়া ইমিউনিটি কতদিন স্থায়ী হয়?

আমরা এখনও জানি না ইমিউনিটি কতদিন স্থায়ী হবে। এটি জানারজন্য ক্লিনিক্যাল ট্রায়াল চলছে।

## আমার সন্তান যদি ভ্যাকসিন নেয়, তার মানে কি সে অন্যদের মধ্যে কোভিড-19 ছড়াবে না?

আমরা এখনও জানি না যে ভ্যাকসিন নেওয়া থাকলে মানুষ অন্যদের মধ্যে কোভিড-19 ভাইরাস ছড়ানো বন্ধ করে দেয় কিনা। সেজন্য ভাইরাসের বিস্তার কীভাবে বন্ধ করা যায় সে বিষয়ে আমাদের সকলের জনস্বাস্থ্যের পরামর্শ অনুসরণ করা গুরুত্বপূর্ণ।

## আমার শিশু কি কোভিড্-19 টিকা এবং অন্যান্য ভ্যাকসিন পেতে পারে?

সতর্কতা হিসাবে, যদি আপনার সন্তান সম্প্রতি মাঙ্কিপক্স ভ্যাকসিন (ইমভেনেক্স বা জাইনিওস) নিয়ে থাকে তাহলে মায়োকার্ডাইটিসের অজানা ঝুঁকির কারণে তাকে কোভিড-19 ভ্যাকসিন নেওয়ার আগে 4 সপ্তাহ অপেক্ষা করতে হবে।

অন্যান্য ভ্যাকসিনগুলি নেওয়ার পর কোভিড-19 ভ্যাকসিন নিলে 14 দিনের ফারাক রাখা উচিত। প্রারম্ভিক শৈশবকালীন ভ্যাকসিনগুলি কোভিড-19 ভ্যাকসিনগুলির চেয়ে অগ্রাধিকার দেওয়া উচিত।

## আপনার সন্তানকে ভ্যাকসিন দেওয়ারসম্মতি

প্রতিটি শিশুকে ভ্যাকসিন দেওয়ার জন্যপিতা-মাতা বা আইনী অভিভাবককে সম্মতি দিতে বলা হবে।

ভ্যাকসিনের জন্য সম্মতি দেওয়া বা না দেওয়ার আপনার সিদ্ধান্তকে সম্মান করা হবে। আপনার পছন্দ সম্পর্কে অবহিত হওয়ার জন্য নিম্নলিখিত সারসংক্ষেপ সারণিটি আপনার জন্য কার্যকর হতে পারে।

| আপনার সন্তানকে ভ্যাকসিন দেওয়ার কথা বিবেচনা করুন যদি: | আপনার সন্তানকে ভ্যাকসিন না দেওয়ার কথা বিবেচনা করুন, অথবা আরও তথ্য পাওয়া পর্যন্ত অপেক্ষা করুন, যদি: |
| --- | --- |
| • আপনার সন্তানের কোনো অন্তর্নিহিত স্বাস্থ সমস্যা থাকে যা তাকে গুরুতর কোভিড-19 এর উচ্চ ঝুঁকিতে রাখে।<br>• আপনার শিশু এমন একটি শিশু বা একজন প্রাপ্তবয়স্ক ব্যক্তির সাথে থাকে যার গুরুতর কোভিড-19 এর উচ্চ ঝুঁকি রয়েছে।<br>• আপনি গুরুতর কোভিড-19 , মাল্টিসিস্টেম ইনফ্ল্যামেটরি সিনড্রোম বা 'লং কোভিড'-এর অত্যন্ত বিরল সম্ভাবনার বিরুদ্ধে আপনার সন্তানের সুরক্ষা বাড়াতে চান। | • আপনি ভ্যাকসিন থেকে হওয়া মায়োকার্ডাইটিস এবং পেরিকার্ডাইটিসের খুব বিরল পার্শ্ব প্রতিক্রিয়ার ঝুঁকি নিতে চান না।<br>• মাল্টিসিস্টেম ইনফ্ল্যামেটরি সিনড্রোম এবং শিশুদের মধ্যে কোভিড-19 এর ঝুঁকি সম্পর্কে আরও তথ্য উপলব্ধ হওয়া পর্যন্ত আপনি অপেক্ষা করতে চান।<br>• আপনি শিশু এবং তরুণদের মধ্যে ভ্যাকসিনের দীর্ঘমেয়াদী প্রভাব সম্পর্কে আরও তথ্য উপলব্ধ হওয়া পর্যন্ত অপেক্ষা করতে চান। |

| ভ্যাকসিনের উপকারিতা | ভ্যাকসিনের ঝুঁকি |
| --- | --- |
| • কোভিড -19 থেকে সুরক্ষা।<br>• সেইসব শিশুদের জন্য সুরক্ষা যাদের এমন স্বাস্থ্যগত অবস্থা রয়েছে যা তাদের গুরুতর কোভিড -19-এর উচ্চ ঝুঁকিতে রাখে।<br>• গুরুতর কোভিড-19 সংক্রমণ থেকে সুস্থ শিশুদের সুরক্ষা - যদিও এই ববয়সীদের মধ্যে এটি খুবই বিরল। কোভিড-19 এর কারণে শিশুদের হাসপাতালে ভর্তি হওয়ার ঝুঁকি কম, এবং শিশুর ইন্টেনসিভ কেয়ার-এ চিকিৎসার প্রয়োজন হওয়ার ঝুঁকি অত্যন্ত কম।<br>• কোভিড-19 থেকে সুরক্ষা এবং কোভিড-19 থেকে হওয়া জটিলতা যেমন শিশুদের মধ্যে 'লং কোভিড' এবং মাল্টিসিস্টেম ইনফ্ল্যামেটরি সিনড্রোম।<br>• অন্যদের মধ্যে কোভিড-19 এর বিস্তার প্রতিরোধে সাহায্য করতে পারে। এটি বিশেষভাবে গুরুত্বপূর্ণ যদি শিশু এবং অল্প বয়সীরা এমন এক ভাই বা প্রাপ্তবয়স্কদের সাথে বসবাস করে যারা গুরুতর কোভিড-19 এর ঝুঁকিতে রয়েছে। | • স্বল্পমেয়াদী পার্শ্বপ্রতিক্রিয়া যেমন বাহুতে ব্যথা, জ্বর বা ক্লান্তি।<br>• প্রতি 100,000 জনের মধ্যে 1 জনের গুরুতর পার্শ্ব প্রতিক্রিয়া হতে পারে, যেমন ভ্যাকসিনের থেকে অ্যালার্জির প্রতিক্রিয়া।<br>• খুবই কম লোকের ভ্যাকসিনের পরে হৃৎপিণ্ডের প্রদাহ (মায়োকার্ডাইটিস) এবং হৃৎপিণ্ডের বাইরের আস্তরণের (পেরিকার্ডাইটিস) প্রদাহ হতে পারে। বেশিরভাগ লোক মায়োকার্ডাইটিস এবং পেরিকার্ডাইটিস থেকে সেরে ওঠে তবে তাদের হাসপাতালে চিকিৎসার প্রয়োজন হতে পারে।<br>• শিশুদের মধ্যে কোভিড-19 ভ্যাকসিনের দীর্ঘমেয়াদী প্রভাব সম্পর্কে আমাদের কাছে এখনও তথ্য নেই। |

## অধিক তথ্য

আরও তথ্যের জন্য, প্রস্তুতকারকের রোগীর জন্য তথ্য পুস্তিকাটি পড়ুন। আপনার সন্তান যেদিন ভ্যাকসিন নেবে সেদিনই এটি আপনার জন্য প্রিন্ট করা দেওয়া হবে, অথবা আপনি এটি **www.hse.ie/covid19vaccinePIL** -এ খুঁজে পেতে পারেন

আপনি একজন স্বাস্থ্য পেশাদারের সাথেও কথা বলতে পারেন, যেমন আপনার জিপি (ডাক্তার), ফার্মাসিস্ট বা স্বাস্থ্যসেবা প্রদানকারী দল।

এছাড়াও আপনি **www.hse.ie/covid19vaccine** -এ এইচএসইওয়েবসাইটটি ভিজিট করতে পারেন বা এইচএসইলাইভ-কে 1800 700 700-নাম্বারে কল করতে পারেন।

কোভিড-19 ভ্যাকসিন সম্পর্কে আরও তথ্যের জন্য, অ্যাক্সেসযোগ্য এবং অনুবাদকৃত ফর্ম্যাটে সামগ্রী সহ, **www.hse.ie/covid19vaccinematerials** –এ ভিজিট করুন

## আমি কিভাবে পার্শ্ব প্রতিক্রিয়াসমন্ধে রিপোর্ট করব?

সমস্ত ভ্যাকসিনের মতো, আপনি স্বাস্থ্য পণ্য নিয়ন্ত্রক কর্তৃপক্ষ (এইচপিআরএ) এর কাছে সন্দেহজনক পার্শ্ব প্রতিক্রিয়া সমন্ধে রিপোর্ট করতে পারেন।

এইচপিআরএ হল ওষুধ, চিকিৎসা ডিভাইস এবং অন্যান্য স্বাস্থ্য পণ্যের জন্য আয়ারল্যান্ড প্রজাতন্ত্রের নিয়ন্ত্রক কর্তৃপক্ষ। ওষুধের নিরাপত্তা পর্যবেক্ষণে তার ভূমিকার অংশ হিসেবে, এইচপিআরএ এমন একটি ব্যবস্থা পরিচালনা করে যার মাধ্যমে স্বাস্থ্যসেবা পেশাদাররা বা জনসাধারণের সদস্যরা আয়ারল্যান্ডের ওষুধ এবং ভ্যাকসিন সম্পর্কিত কোনও সন্দেহজনক প্রতিকূল প্রতিক্রিয়া সমন্ধে (পার্শ্বপ্রতিক্রিয়া) রিপোর্ট করতে পারে।

এইচপিআরএ কঠিন ভাবে কোভিড-19 ভ্যাকসিনের সাথে সম্পর্কিত সন্দেহজনক প্রতিকূল প্রতিক্রিয়া (পার্শ্বপ্রতিক্রিয়া) রিপোর্ট করার জন্য তাদের নিরাপদ এবং কার্যকর ব্যবহারের ক্রমাগত নিরীক্ষণকে সমর্থন করে। কোভিড-19 ভ্যাকসিনের সন্দেহজনক প্রতিকূল প্রতিক্রিয়া জানাতে, অনুগ্রহ করে ভিজিট করুন **www.hpra.ie/report**

আপনি আপনার ডাক্তার বা পরিবারের যে কোনো সদস্য আপনার হয়ে এটির রিপোর্ট করতে পারেন। যতটুকু জানা যায় ততটুকু তথ্য প্রদান করা উচিত এবং যেখানে সম্ভব, ভ্যাকসিনের ব্যাচ নম্বর অন্তর্ভুক্ত করা উচিত।

এইচপিআরএ বিভিন্ন একক ক্ষেত্রে ডাক্তারি পরামর্শ দিতে পারে না। জনসাধারণের যে কোন চিকিৎসা সংক্রান্ত সমস্যা জানাতে নিজেদের স্বাস্থ্যসেবা পেশাদারের সাথে যোগাযোগ করা উচিত (তাদের ডাক্তার বা ফার্মাসিস্ট)।

## আপনার ব্যক্তিগত তথ্য

নিরাপদে ভ্যাকসিন প্রদান করার জন্য এবং ভ্যাকসিন নিরীক্ষণ ও পরিচালনার জন্য প্রয়োজনীয় সমস্ত তথ্য রেকর্ড করার জন্য, এইচএসই আপনার সন্তানের ব্যক্তিগত তথ্য প্রক্রিয়াকরণ করবে। HSE দ্বারা প্রক্রিয়াকৃত সমস্ত তথ্য সাধারণ আইন এবং বিশেষ করে 2018 সালে কার্যকর হওয়া জেনারেল ডেটা প্রোটেকশন রেগুলেশন (GDPR) অনুযায়ী হবে।

আপনার সন্তানের তথ্য প্রক্রিয়াকরণ আইনানুগ এবং ন্যায্য হবে। এটি শুধুমাত্র টিকা পরিচালনার জন্য নির্দিষ্ট উদ্দেশ্যে প্রক্রিয়া করা হবে। ডেটা মিনিমাইজেশন নীতি প্রয়োগ করা হবে। এর মানে হল যে আপনার সন্তানকে শনাক্ত করতে, তাদের অ্যাপয়েন্টমেন্ট বুক করার জন্য, তাদের ভ্যাকসিন নেওয়া রেকর্ড করতে এবং এর প্রভাবগুলি নিরীক্ষণ করার জন্য প্রয়োজনীয় তথ্যরেকর্ড করা হচ্ছে।

জিডিপিআর-এর অধীনে আপনার সন্তানের ব্যক্তিগত তথ্য প্রক্রিয়াকরণের ক্ষেত্রে আপনার নিম্নলিখিত অধিকার রয়েছে।

- আপনার সন্তানের ব্যক্তিগত তথ্য জানতে চাওয়ার অনুরোধ করা (সাধারণত 'ডেটা সাবজেক্ট অ্যাক্সেস রিকোয়েস্ট' নামে পরিচিত)। এটি আপনাকে (সন্তানের পিতামাতা বা আইনী অভিভাবককে) আপনার সন্তানের সম্পর্কে আমাদের কাছে থাকা ব্যক্তিগত তথ্যের একটি অনুলিপি পেতে এবং আমরা আইনত এটি প্রক্রিয়া করছি কিনা তা পরীক্ষা করতে সক্ষম করে।
- আপনার সন্তানের সম্পর্কে আমাদের কাছে থাকা ব্যক্তিগত তথ্য সংশোধনের অনুরোধ করতে পারা। এটি আপনাকে আপনার সন্তানের সম্পর্কে আমাদের কাছে থাকা কোনো অসম্পূর্ণ বা ভুল তথ্য সংশোধন করতে সক্ষম করে।
- আপনার সন্তানের ব্যক্তিগত তথ্য মুছে ফেলার অনুরোধ করতে পারেন। এটি আপনাকে আপনার সন্তানের ব্যক্তিগত তথ্য মুছে ফেলতে বা মুছে ফেলার জন্য আমাদের জিজ্ঞাসা করতে সক্ষম করে যেখানে আমাদের এই প্রক্রিয়া চালিয়ে যাওয়ার কোনও উপযুক্ত কারণ নেই। আপনার সন্তানের ব্যক্তিগত তথ্য মুছে ফেলতে বা মুছে ফেলার জন্য আমাদের বলার অধিকার আছে যেখানে আপনি প্রক্রিয়াকরণে আপত্তি করার অধিকার প্রয়োগ করেছেন।
- আপনার ব্যক্তিগত তথ্য প্রক্রিয়াকরণে আপত্তি জানাতে পারবেন।

আরও তথ্য **www.hse.ie/eng/gdpr** এ উপলব্ধ

**শিশুদের জন্য সম্পদ** বিভাগে *গেটিং মাই কোভিড-19* ভ্যাকসিন নামক এইচএসই কমিক স্ট্রিপটি খুঁজে পেতে কিউআর কোডটি স্ক্যান করুন। কমিকটি বড় বাচ্চাদের কোভিড-19 ভ্যাকসিন নিতে গেলে কী আশা করতে হবে তার জন্য প্রস্তুত করতে সাহায্য করতে পারে।

COVID-19 VACCINE
Public Health Advice

এইচএসই দ্বারা 8 মে 2023-এ প্রকাশিত

সবচেয়ে আপ টু ডেট তথ্যের জন্য
**www.hse.ie** এ যান

Rialtas na hÉireann
Government of Ireland